



### মাদ্রাসা অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

জামালপুর থেকে জেলা বার্তা পরি-  
বেশক : সরিষাবাড়ি আরাম নগর কামিল  
মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ চলতি বছরের  
আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার্থীদের  
কাছ থেকে সম্পূর্ণ বিধিবিহীন পছন্দ ৪  
লক্ষাধিক টাকা আদায় করেছেন বলে  
গুরুতর অভিযোগ উঠেছে।

সূত্র জানায়, চলতি বছরের আলিম,  
ফাজিল ও কামিল পরীক্ষার সময় আরাম  
নগর কামিল মাদ্রাসায় পরীক্ষার্থীর সংখ্যা  
ছিল ৩শ' ৯৫ জন। পরীক্ষার্থীদের  
প্রবেশপত্র বিতরণ করার সময় প্রত্যেক  
পরীক্ষার্থীর কাছ থেকে ১শ' ৫০ থেকে ২শ'  
টাকা করে নেয় মাদ্রাসা কর্তৃপক্ষ। ছাত্ররা এ  
বিষয়ে প্রতিবাদ করেও কোন প্রতিকার  
পায়নি। এ বিষয়ে আরাম নগর কামিল  
মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান, মাদ্রাসা  
বোর্ডের অনুমোদনক্রমেই এ টাকা নেয়া  
হয়েছে।